রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুন ১৪, ১৯৯৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(শুল্ক ও সম্পূরক শুল্ক)**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ ১৪০৫ বাং/১০ই জুন ১৯৯৮ ইং

এস, আর, ও, নং ১০৪-আইন/৯৮/১৭৪৭/শুল্ক।—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাংলা মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ১৫১-আইন/৯৭/১৭০৯/শুল্ক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ (২) এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) কেবলমাত্র Taxpayer Identification Number (TIN) প্রাপ্ত এবং ন্যূনতম ১০ লক্ষ টাকা Paidup Capital সম্পন্ন পাবলিক বা প্রাইভেট লিমিটেড কোম্পানী উক্তরূপ মোটর গাড়ী আমদানি করিতে পারিবে এবং আমদানিকৃত মোটর গাড়ী

আমদানিকারী কোম্পানীর নামে বা অর্থায়নকারী ব্যাংক বা লিজিং কোম্পানীর নামে ট্যাক্সিক্যাব হিসাবে রেজিস্ট্রেশন করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, রেয়াতী সুবিধার অপব্যবহার হইলে আমদানিকারী কোম্পানী, সংশ্লিষ্ট অর্থায়ন ব্যাংক বা লিজিং কোম্পানী যৌথভাবে ও এককভাবে সরকারের প্রাপ্য শুল্ক-কর পরিশোধে বাধ্য থাকিবে মর্মে গ্যারান্টি প্রদান করিবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খাজা গোলাম সারওয়ার
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
বিমান বিহারী দাস, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।